

বাংলা আমার মা

যুথিকা বড়ুয়া

বাংলা আমার জন্মভূমি
বাংলা আমার মা
মাতৃভাষা বাংলা আমার
কি যে গড়িমা -
বাংলা আমার মা।

বাংলা মায়ের সন্তান ছিল
অসীম সশ্রু শক্তি বীর,
ছিনিয়ে বাংলা দিয়েছে প্রাণ
করেনি নত উচ্চশীর।

শহীদ হয়েছে শূন্য করে
কত শত দুঃখি মায়ের কোল
ধন্য তুমি, পণ করেছিলে
হবোই মোরা হব সফল।
আজকের দিনে দুঃখ পাই
নেই তার নেই - নেই সীমা
বাংলা আমার মা।

ইতিহাসের পাতায় লেখা
থাকবে ওরা চিরদিন -
রক্ত দিয়ে বাংলার বীর
করেছে বাংলা মা'য় স্বাধীন।
শ্রদ্ধা জানাই আমরা তাঁদের,
নেই গোমাদের উপমা
বাংলা আমার মা।